


# প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচী থেকে রূপান্তর



আপনার সন্তানের  
পরবর্তী পদক্ষেপ!



Department  
of Health

## রূপান্তর কী?

রূপান্তর বলতে সেই সময়কে বোঝায় যখন আপনার সন্তান প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচী (Early Intervention Program) ছেড়ে যাবে।

## কখন রূপান্তর পরিকল্পনা শুরু করা উচিত?

যেহেতু শিশুরা অল্প সময়ের জন্য (জন্ম থেকে তিন বছর বয়স পর্যন্ত) প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচীতে থাকে, তাই যত তাড়াতাড়ি সম্ভব রূপান্তর পরিকল্পনা শুরু করা গুরুত্বপূর্ণ। আপনার সার্ভিস কোঅর্ডিনেটর আপনার সন্তানের তিন বছর বয়স হওয়ার আগেই রূপান্তর পরিকল্পনার মাধ্যমে আপনাকে পথ দেখাবেন। এই পরিকল্পনার অংশ হিসাবে একটি রূপান্তর পরিকল্পনা তৈরি করা হয়।

## রূপান্তর পরিকল্পনা কী?

আপনার সন্তান প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচী ছেড়ে যাওয়ার আগে, আপনি এবং আপনার ব্যক্তিগতকৃত পরিবার পরিষেবা পরিকল্পনা (Individualized Family Service Plan) টিম একটি লিখিত রূপান্তর পরিকল্পনা তৈরি করবেন। এই পরিকল্পনায় সাহায্য, সহায়তা এবং পরিষেবা অন্তর্ভুক্ত থাকবে যা প্রোগ্রামটি ছেড়ে যাওয়ার সময় আপনার সন্তান বা পরিবারের প্রয়োজন হতে পারে। প্রতিটি পরিবারের রূপান্তর পরিকল্পনা তাদের সন্তান এবং পরিবারের চাহিদা অনুযায়ী স্বতন্ত্র হয়।

প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচী ছেড়ে যাওয়ার পরে, কিছু শিশু তাদের স্থানীয় স্কুল ডিস্ট্রিক্টের মাধ্যমে প্রাক-স্কুল বিশেষ শিক্ষা কর্মসূচী (Preschool Special Education Program) অথবা তাদের কমিউনিটিতে থাকা অন্যান্য প্রাথমিক শৈশব পরিষেবা ও সহায়তায় যেতে পারে।

## প্রাক-স্কুল বিশেষ শিক্ষা কর্মসূচী কী?

প্রাক-স্কুল বিশেষ শিক্ষা কর্মসূচীটি তিন থেকে পাঁচ বছর বয়সী প্রতিবন্ধী শিশুদের জন্য। নিউ ইয়র্ক স্টেট শিক্ষা দপ্তর (New York State Education Department) প্রাক-স্কুল বিশেষ শিক্ষা কর্মসূচী এবং পরিষেবাগুলির তত্ত্বাবধান করে। যে সকল শিশুর বয়স তিন বছর হতে চলেছে এবং যারা প্রাক-স্কুল পরিষেবার জন্য যোগ্য হতে পারে, তাদের স্থানীয় স্কুল ডিস্ট্রিক্টের মাধ্যমে তাদের প্রাক-স্কুল বিশেষ শিক্ষা বিষয়ক কমিটি (Committee on Preschool Special Education, CPSE)-তে রেফার করা যেতে পারে।



# প্রাক-স্কুল বিশেষ শিক্ষা কর্মসূচী এবং পরিষেবাগুলির জন্য যোগ্যতা অর্জনের চারটি ধাপ কী কী?

## ধাপ 1. বিজ্ঞপ্তি

আপনার সার্ভিস কোঅর্ডিনেটর আপনার স্কুল ডিস্ট্রিক্টকে জানাবেন যে আপনার সন্তান প্রাক-স্কুল বিশেষ শিক্ষা কর্মসূচী এবং পরিষেবাগুলির জন্য যোগ্য হতে পারে। আপনার কাছে লিখিতভাবে এই বিজ্ঞপ্তিতে আপত্তি জানানোর (অংশগ্রহণ না করার) সুযোগ থাকবে।

## ধাপ 2. রূপান্তর বিষয়ক কনফারেন্স

আপনার সার্ভিস কোঅর্ডিনেটরকে অবশ্যই আপনাকে CPSE-এর চেয়ারপার্সনের সাথে দেখা করার সুযোগ দিতে হবে। এই সভাকে রূপান্তর বিষয়ক কনফারেন্স (transition conference) বলা হয়।

## রূপান্তর বিষয়ক কনফারেন্সের মূল লক্ষ্যগুলি হল:

- প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচী এবং CPSE-এর মধ্যে পার্থক্য পর্যালোচনা করা;
- কীভাবে এবং কখন আপনার সন্তানকে CPSE-তে রেফার করতে হবে সে সম্পর্কে কথা বলা;
- CPSE মূল্যায়ন এবং যোগ্যতা অর্জন প্রক্রিয়া সম্পর্কে কথা বলা;
- আপনার সন্তানের জন্য CPSE-এর মাধ্যমে পরিষেবাগুলির বিকল্পগুলি পর্যালোচনা করা;
- আপনার থাকতে পারে এমন কোনো প্রশ্নের উত্তর দেওয়া; এবং
- আপনার অবস্থান্তর পরিকল্পনা তৈরি বা আপডেট করা।

### ধাপ 3. রেফারেল

যে সকল শিশুর বয়স তিন বছর হতে চলেছে এবং যারা প্রাক-স্কুল বিশেষ শিক্ষা কর্মসূচী এবং পরিষেবাগুলির জন্য যোগ্য হতে পারে, তাদের CPSE-তে রেফার করা যেতে পারে। রেফারেল হলো একটি লিখিত বিবৃতি যা আপনার স্কুল ডিস্ট্রিক্টকে আপনার সন্তানের স্পেশাল এডুকেশন পরিষেবার প্রয়োজন আছে কিনা তা নির্ধারণ করার জন্য অনুরোধ করে। আপনার সার্ভিস কোঅর্ডিনেটর আপনাকে এই রেফারেলটি করতে সাহায্য করতে পারেন।

### ধাপ 4. মূল্যায়ন

CPSE নির্ধারণ করে যে আপনার সন্তান প্রাক-স্কুল বিশেষ শিক্ষা কর্মসূচী এবং পরিষেবাগুলির জন্য যোগ্য কিনা। CPSE আপনার সন্তানের প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচীর মূল্যায়নগুলি ব্যবহার করতে পারে বা নতুন মূল্যায়ন সম্পন্ন করার জন্য বলতে পারে। যদি নতুন মূল্যায়নের প্রয়োজন হয়, তাহলে CPSE আপনার লিখিত সম্মতি চাইবে।



## যদি আপনার সন্তান প্রাক-স্কুল বিশেষ শিক্ষার জন্য যোগ্যতা অর্জন করে, তাহলে প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচী কখন শেষ হয় এবং প্রাক-স্কুল পরিষেবা কখন শুরু হয়?

- আপনার সন্তানের তৃতীয় জন্মদিন নির্ধারণ করবে কখন প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবা শেষ হবে এবং প্রাক-স্কুল পরিষেবা শুরু হতে পারে।
- শিশুরা একই সাথে প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচী এবং প্রাক-স্কুল বিশেষ শিক্ষা কর্মসূচীতে থাকতে পারে না। আপনার প্রাথমিক হস্তক্ষেপ টিম এবং CPSE চেয়ারপার্সন আপনার সন্তানের প্রোগ্রামিং চাহিদার উপর ভিত্তি করে তার জন্য সেরা রূপান্তর তারিখ সম্পর্কে আপনাকে পথ দেখাতে পারেন।
- আপনার স্কুল ডিস্ট্রিক্টের সাথে CPSE মিটিংয়ের সময় আপনার সন্তানের রূপান্তর তারিখগুলি নিয়ে আলোচনা করতে ভুলবেন না।

## আপনার সন্তান যদি প্রাক-স্কুল বিশেষ শিক্ষা পরিষেবার জন্য যোগ্য না হয় তাহলে কী হবে?

আপনার সন্তানের প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবার শেষ দিন হল তার তৃতীয় জন্মদিনের আগের দিন।

### বিবেচ্য বিষয়গুলি:

- আপনার সার্ভিস কোঅর্ডিনেটর আপনাকে আপনার রূপান্তর পরিকল্পনা আপডেট করতে সাহায্য করতে পারেন।
- পরিষেবাগুলি পাওয়ার জন্য বিভিন্ন বিকল্প রয়েছে। আপনি স্কুল ডিস্ট্রিক্টের মাধ্যমে না গিয়ে পরিষেবাগুলি পাওয়ার জন্য আপনার ব্যক্তিগত বীমা বা ব্যক্তিগতভাবে অর্থ প্রদান ব্যবহার করার সিদ্ধান্ত নিতে পারেন অথবা আপনি আপনার কমিউনিটির মধ্যে যেমন কোনো কমিউনিটি প্রাক-স্কুল বা ডে-কেয়ারের মাধ্যমে পরিষেবাগুলি পাওয়ার সিদ্ধান্ত নিতে পারেন।

## মনে রাখার মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলি:

- প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচীতে যোগ্যতা এই নিশ্চয়তা দেয় না যে আপনার সন্তান প্রাক-স্কুল বিশেষ শিক্ষা কর্মসূচীর জন্য যোগ্য হবে।
- আপনার সন্তানের প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচীতে থাকার শুরু থেকেই রূপান্তর নিয়ে আলোচনা করা উচিত এবং আপনার সন্তানের বয়স তিন বছরের কাছাকাছি হলে তা পর্যালোচনা করা উচিত।
- আপনার সন্তানের তৃতীয় জন্মদিনের আগে CPSE মিটিং করার জন্য পর্যাপ্ত সময় দিতে আপনার সন্তানকে CPSE-তে রেফার করুন এবং মূল্যায়নের জন্য সম্মতিপত্রে স্বাক্ষর করুন।
- আপনার সন্তান যদি প্রাক-স্কুল বিশেষ শিক্ষার জন্য যোগ্য হয়, কিন্তু তার CPSE মিটিং তার তৃতীয় জন্মদিনে বা তার পরে অনুষ্ঠিত হয়, তাহলে প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবার শেষ দিন হলো তার তৃতীয় জন্মদিনের আগের দিন।

প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচী থেকে  
বেরিয়ে আসা আপনার সন্তান এবং  
পরিবারের জন্য একটি বড় পদক্ষেপ।  
আপনি যখন প্রোগ্রামটি ছেড়ে যাবেন  
তখন আপনার সার্ভিস কোঅর্ডিনেটর  
আপনাকে একটি মসৃণ অবস্থান্তরে  
সাহায্য করবেন।

আরও তথ্যের জন্য:

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য দপ্তর প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচী  
(New York State Department of Health  
Early Intervention Program)

ফোন: (518) 473-7016

ইমেল করুন: [beipub@health.ny.gov](mailto:beipub@health.ny.gov)

ওয়েব: [health.ny.gov/EIFamilies](http://health.ny.gov/EIFamilies)

নিউ ইয়র্ক স্টেট শিক্ষা দপ্তর  
(New York State Education Department)

ফোন: (518) 474-3852

ওয়েব: [nysed.gov](http://nysed.gov)



Department  
of Health